[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মূল্য ২৬ হাজার ৮শ টাকা। তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট মামলা জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ঝিনাইদহে ইউপি চেয়ারম্যানকে সংবর্ধনা প্রদান

ঝিনাইদহ বিসিক শিল্প মালিক সমিতির পক্ষ থেকে পোড়াহাটি ইউনিয়নের পুনরায় নির্বাচিত চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণকে সংবর্ধণা প্রদান করা হয়েছে।

সোমবার দুপুরে বিসিক প্রাঙ্গণে এ সংবর্ধণা প্রদাণ করা হয়। বিসিক শিল্প মালিক সমিতির সভাপতি আকরাম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংবর্ধিত অতিথি পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ।

বিশেষ অতিথি ছিলেন,বিসিক শিল্প নগরীর উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান,শিল্প নগরী কর্মকর্তা অর্ণব কুমার পোদ্দার,বিসিক শিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস,সহ-সভাপতি টিপু সুলতান,সহ-সম্পাদক মনিরুজ্জামান উজ্জল, সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান,কোষাধ্যক্ষ নাজমুল হাসান দুলাল।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে অতিথিকে ক্রেস্ট ও ফুলের তোড়া সংবর্ধনা প্রদাণ করা হয়।

মেহেরপুর মেডিকেল এন্ড

সার্জিক্যাল সপের উদ্বোধন

মেহেরপুর শহরে মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল নামের একটি নতুন দোকানের উদ্বোধন করা হয়েছে।

দোকানটির উদ্বোধন উপলক্ষে সোমবার বিকেলে সরকারি শিশু পরিবার সংলগ্ন মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল সপ প্রাঙ্গণে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন আমঝুপি আলেয়া মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মাওঃ মোঃ শরিফুদ্দিন ও হাফেজ মোঃ বোরহান উদ্দিন। মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল এর স্বত্বাধিকারী সাজ্জাদুল ইসলাম চঞ্চলসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

দেশি-বিদেশী ঔষধ এবং সার্জিক্যাল সামগ্রী বিপননের লক্ষ্য নিয়ে মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল সপের যাত্রা শুরু হলো।

হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার পরিবারসহ করোনা আক্রান্ত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা করোনা আক্রান্ত হয়েছেন।

গত শনিবার বিকালে তিনি এ তথ্য নিশ্চিত করেছেন। করোনাযোদ্ধা এবং মাঠপর্যায়ে প্রশাসনের সাহসী এই নারী হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা সহ তার পরিবারের সদস্যরা করোনা আক্রান্ত হয়েছেন। আক্রন্তরা সবাই সরকারি বাসভবনে হোম কোয়ারেন্টাইনে থেকে চিকিৎসা নিচ্ছেন।

জানা গেছে করোনা আক্রান্ত হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী

কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা তিনি করোনা প্রতিষেধক প্রথম ও দ্বিতীয় ডোজ নিয়েছেন। তিনি বাসায় আক্রান্ত অন্যদের নিয়ে স্বাস্থবিধি এবং নিয়মনীতি মেনেই চলছেন। এখন কিছুটা সুস্থ্যবোধ করছেন বলেও জানান তিনি। সবার কাছে নিজের এবং তার পরিবারের জন্যদোয়া চেয়েছেন তিনি।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ জানান, নমুনা সংগ্রহের পর গত ২২ জানুয়ারী উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার করোনা পজেটিভ আসে। বর্তমানে সবাইকেই হোম কোয়ারেন্টাইন সরকারি বাসভবনে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে বলেও জানান এই কর্মকর্তা।

মেহেরপুরে বিশুদ্ধ খাদ্য আদালতের কার্যক্রম শুরু

মেহেরপুরে বিশুদ্ধ খাদ্য আদালতের কার্যক্রম শুরু করা হয়েছে। ভেজাল ও নকল খাদ্যদ্রব‍◌্যের ব্যবসায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য এই কার্যক্রম শুরু করা হয়।

সোমবার দুপুরে বিশুদ্ধ খাদ‍◌্য আদালত মেহেরপুর এর ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ এর নির্দেশে শহরের বিভিন্ন দোকানে অভিযান পরিচালনা করা হয়। এসময় করমচার সাথে বিষাক্ত রাসায়নিক এবং রং দিয়ে নকল চেরি ফল প্রস্তুত ও বিক্রির কারণে ৪০ কেজি নকল চেরি ফল জব্দ করা হয়।

অভিযানে অংশগ্রহণকারী পৌরসভা স্যানিটারী ইন্সপেক্টর মনিরুল ইসলাম এবং সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম জানান, অভিযান পরিচালনাকালে ব্যবসায়ীগণ স্বীকার করেন যে করমচার সাথে বিষাক্ত রাসায়নিক এবং রং দিয়ে নকল চেরি ফল রং দিয়ে নকল চেরি ফল প্রস্তুত করা হয়।

অভিযানে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সহযোগিতা করেন।

আদালত সূত্রে জানা যায়, উল্লেখ্য নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী প্রত্যেক জেলা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম কোর্টের ম্যাজিস্ট্রেট সমগ্র জেলার বিশুদ্ধ খাদ্য অভিযান পরিচালনা করতে পারেন এই আইনের অধীনে নিরাপদ খাদ্য নিশ্চিতের লক্ষ্যে ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহর উদ্যোগে মেহেরপুরে প্রথমবারের মতো এই কার্যক্রম শুরু হলো।

আগামীতে নিয়মিত নিরাপদ খাদ্য আইন ভোক্তা অধিকার সংরক্ষণ আইন বিদ্যমান অন্যান্য ফৌজদারি ও বিশেষ আইনের অধীনে ভেজাল বিরোধী কার্যক্রম পরিচালনা হবে । আদালতের এই কার্যক্রমকে স্থানীয়রা সাধুবাদ জানিয়েছেন।

গাংনীর হাসপাতাল বাজার থেকে দিনে দুপুরে কলেজ ছাত্রীর মোবাইল ছিনতাই

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পার্শ্বের একটি রাস্তা থেকে মোহনা খাতুন নামের এক কলেজ ছাত্রীর মোবাইল ফোন ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।

সোমাবার বেলা সাড়ে ১১ টার দিকে মোবাইল ছিনতাইয়ের ঘটনা ঘটে। ছিনাতাইকারির কবলে পড়া মোহনা খাতুন গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের মহিউদ্দিনের মেয়ে।

জানাগেছে, কলেজ ছাত্রী মোহনা ও তার এক চাচাত বোনকে নিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রে পার্শ্বের একটি রাস্তা দিয়ে হাটিছিলেন। এমন সময় মোটরসাইকেলে দুই অজ্ঞাত যুবক তাদের গতিরোধ করে এবং প্রিক্যাডেট স্কুলের ঠিকানা জিজ্ঞাসা করে। এসময় মোহনা তাদের ঠিকানা বলতেই হাতে থাকা একটি ২৫ হাজার টাকা মুল্যের রিয়েলমি মোবাইল ফোন হাত থেকে কেড়ে নিয়ে পালিয়ে যায় । মোবাইল ছিনতাইয় হয়েছে বলে মোহনা চিৎকার দিলে স্থানীয় লোকজন সেখানে ছুটে গিয়ে কারো দেখা না পেলে কান্নায় ভেঙ্গে পড়েন মোহনা। পরে

স্থানীয়দের পরামর্শে তাকে গাংনী থানায় পাঠানো হলে একটি জিডি করেছে মোহনা।

মোহনা জানায়, আমি রাস্তা দিয়ে হাটছিলাম। এমন সময় মোটরসাইকেলে দুই যুবক এসে আমাকে জিজ্ঞেস করে আপু প্রিক্যাডেট স্কুল কোথায়? আমি এর উত্তর দিতেই আমার হাতে থাকা মোবাইল ফোনটি ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়।এবিষয়ে থানায় একটি জিডি করেছি । তিনি আরো জানায়, আমার মোবাইলে একটি সিম কার্ড রয়েছে। সেটিও এখন বন্ধ পাওয়া যাচ্ছে।

গাংনী শাহর থেকে প্রকাশ্যে দিনের বেলায় মোবাইল ছিনতাইয়ের ঘটনা আইনশৃংখলা সম্পর্কে নানা প্রশ্ন তুলছেন পথচারীরা। স্থানীয়রা জানায় শহরের অলিতে গলিতে এখন মাদক সেবিদের দৌরাত্ন বেড়েছে। কিশোর অপরাধ প্রবণতাও অনেক। তবে প্রশাসনিক তৎপরতা ও অপরাধীদের দ্রত সনাত্বের দাবী জানিয়েছেন তারা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক কে মোবাইল ফোন দেয়া হলে তিনি রিসিভ করেননি। ডিউটি অফিসার নুরুন নবী জানায়, আমাদের কাছে ওই ভুক্তভোগী এসেছিল। আমরা বিষয়টি তদন্ত করছি এবং মোবাইল উদ্ধারের চেষ্টা করছি।

মেহেরপুর সীমান্তে বিজিবির বিরুদ্ধে শত শত গ্রামবাসীর মানববন্ধন

মেহেরপুর সীমান্তের বুড়িপোঁতা-বাজিতপুরে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীসহ তিনজনকে নির্যাতনের অভিযোগ উঠেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) বিরুদ্ধে।

ওই তিনজনকে নির্যাতনের প্রতিবাদে গতকাল রোববার (৩০ জানুয়ারী) বিকালে ঘন্টা ব্যাপি মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে বুড়িপোঁতা ও বাজিতপুর গ্রামবাসি।

গাংনীর ছাতিয়ানে ছাদ থেকে পড়ে এক ব্যক্তি আহত

এক তলার ছাদ থেকে পড়ে হামিদুল ইসলাম (৪০) নামের এক ব্যক্তি মারাত্বক আহত হয়েছেন। আহত হামিদুল ইসলাম গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আজিজুল হকের ছেলে।

রোববার (৩০ জানুয়ারী) বিকালে নিজ বাড়ির ছাদে কাজ করার সময় হঠাৎ অসাবধনতাবসত নিচে পড়ে যান তিনি।

প্রতিবেশী মতিয়ার রহমান জানান, হামিদুল ইসলাম ছাঁদে কাজ করছিলেন। হফাৎ অসাবধানতাবসত পা ফঁসকে নিচে পড়ে গিয়ে আহত হন। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আদিলা আজহার জানান, হামিদুল ইসলাম ভর্তি রয়েছেন।

মেহেরপুরে ২৬ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ২৬ জন করোনায় আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১৭ জন, গাংনী ৭ জন এবং মুজিবনগরে ২ জন।

গতকাল রবিবার সন্ধ্যায় জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৫৮ টি। তারমধ্যে ২৬ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৫২ জন। এর মধ্যে সদরে ৮৭ জন, গাংনীতে ৪৭ জন এবং মুজিবনগরে ১৮ জন।

আক্রান্তরা হলেন- মেহেরপুর হঠাৎ পাড়ার মুস্তাকিন (১৬), গোপালপুরের আসিব (২০), জজকোর্টের এইসএম কবির হোসেন (৪০), আমঝুপির ইনজামামুল হক (২৭), সদর হাসপাতালের সেলিম রেজা (৩৬), থানাপাড়ার রেশমা বেগম (৪৩), কাথুলি সড়কের আল মুহাইমিন (২৬), পৌর ঈদগাহ পাড়ার মজিরুল ইসলাম (৫৪), বাড়িবাঁকার রুমি (৩৫), কাঁসারী পাড়ার শাহিন খান (৩২), ভূমি অফিস পড়ার আব্দুস সালাম (৬২), স্টেডিয়াম পাড়ার ইমদাদুল হক (৪০), বোসপাড়ার অনিতা আক্তার (২৮), কাঁসারী পাড়ার নাজমা আলিম (৪৩), এনএসআই অফিস নিপেন্দ্র নাথ মাহতো (৩১), শুভরাজপুরের সাবিনা (২৩), গাংনী গাড়াডোবের সোহেল রানা (৩০), আহসান হাবিব (৫০), কল্যাণপুরের মনোয়ারা (৫০), ইউএইসসির কামরুন্নাহার (৪০), নাহিদা আক্তার (৪০), ডা, সাদিয়া সুলতানা (৩০), কাজিপুরের সেলিম রেজা (৩৭), মুজিবনগর দারিয়াপুরের ইশরাত তাজ রোদেলা (১৫)।

ঝিনাইদহ কারাগারে কয়েদির আত্মহত্যা

ঝিনাইদহ জেলা কারাগারে মফিজ উদ্দীন (৩৫) নামে এক সাজাপাপ্ত আসামি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে বলে জানা গেছে।

রোববার দুপুরের দিকে জেলখানার টয়েলেটের গ্রিলের সঙ্গে গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেন তিনি। মফিজ উদ্দীন শৈলকুপা উপজেলার বাগুটিয়া গ্রামের মজিবর রহমানের ছেলে।

জেলার রফিকুল ইসলাম জানান, স্ত্রীর করা যৌতুক মামলায় পাঁচ বছরের সাজা হয় মফিজের। ২১ জানুয়ারি আদালত তাকে জেলে প্রেরণ করেন। রোববার বেলা ১১টার দিকে জেলখানার একটি টয়েলেটে যায়। অনেক সময় পার হলেও বের না হওয়ায় অন্য আসামিরা কারারক্ষীদের খবর দেয়। পরে কারারক্ষীরা টয়েলেটে প্রবেশ করে তাকে গ্রিলে সঙ্গে গলায় গামছা পেঁচিয়ে ঝুলতে দেখে। এসময় দ্রুত তাকে ঝিনাইদহ সদর হাসাপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তার মৃত ঘোষণা করেন।

ময়নাতদন্তের জন্য মরদেহ ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে

কারা কর্তপক্ষ। তবে কি কারনে সে আত্মহত্যা করেছে তা জানাতে পারেনি কারা কর্তৃপক্ষ।

এ বিষয়ে ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক আক্তার মারুফকে ফোন করা হলে তিনি কোনো কথা না বলেই কেটে দেন। পরে হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার মিথিলা ইসলামকে ফোন দিলে ব্যস্ত আছেন বলে জানান।

ঝিনাইদহ সিভিল সার্জন ডা. শুভ্রা রানী দেবনাথ জানান, এটা হাসপাতালের বিষয়। ওখানে কি হয়েছে আমার জানা নেই। তবে শুনেছি ঝিনাইদহ কারাগারের এক আসামি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। তাকে হাসপাতালে আনা হয়েছিল। এর বেশি কিছু আমি জানি না। তিনি আরও বলেন, বিষয়টি আমি খোঁজ নিয়ে দেখছি।